

জাপান সরকারের ৩৫তম ওডিএ লোন প্যাকেজভুক্ত (Natural Gas Efficiency Project (BD-P78))-এর অধীনে টিজিটিডিসিএল এর “প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন (Installation of Pre-paid Gas Meter for TGTDCCL) (৩য় সংশোধিত)” প্রকল্পের আওতায় ঢাকা মেট্রোপলিটন এলাকায় প্রকল্পের পূর্ববর্তী ২টি পর্যায়ে স্থাপিত মোট ৩,২০,০০০ (তিন লক্ষ বিশ হাজার) মিটারের সাথে জাইকার লোন প্যাকেজ BD-P78 এর অব্যয়িত অর্থ দ্বারা আরো ১,০০,০০০ (এক লক্ষ) মিটার স্থাপনের লক্ষ্যে প্রকল্পের ৩য় সংশোধিত ডিপিপি ২১-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে ঢাকা মেট্রোপলিটন এলাকার আবাসিক খাতে গ্রাহক পর্যায়ে সিস্টেম লস কমানো; নবায়ন অযোগ্য জ্বালানী প্রাকৃতিক গ্যাস সংরক্ষণে উল্লেখযোগ্য ভূমিকা পালন; গ্রাহকদের মধ্যে গ্যাস ব্যবহারের দক্ষতা এবং কোম্পানির ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি, তদারকি ব্যয় কমানো এবং সর্বোপরি পরিবেশের উপর ইতিবাচক প্রভাব বৃদ্ধি করা। ৩য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অধীনে মোট স্থাপিতব্য মিটার সংখ্যা ৪,২০,০০০ (চার লক্ষ বিশ হাজার) টি, প্রকল্পের মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত এবং মোট প্রাক্কলিত ব্যয় ৯২৮২৩.৩১ লক্ষ টাকা (জিওবি ৯৭৪৭.৪৩ লক্ষ টাকা, ডিপিএ ৮০৭০০.২৯ লক্ষ টাকা ও স্ব-অর্থায়ন ২৩৭৫.৫৯ লক্ষ টাকা)।

বর্তমানে প্রকল্পের ৩য় পর্যায়ের ১.০০ লক্ষ প্রি-পেইড মিটার মাঠ পর্যায়ে স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ৫ টি লটে মোট ৩১,৬৮০ টি মিটার আমদানি করা হয়। অপরদিকে, ২০২২-২৩ অর্থবছরের বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী জুন ২০২৩ এর মধ্যে ৫০০০ টি মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল, যার বিপরীতে মিটার স্থাপন করা হয় ১৩,৭৭১ টি। আগামী জানুয়ারি ২০২৪ এর মধ্যেই সকল মিটার স্থাপন সম্পন্ন হবে বলে আশা করা যায়।

প্রকল্পের আওতায় স্বতন্ত্র Data Center এবং Disaster Recovery Center নির্মাণসহ গুয়েব সিস্টেম (হার্ডওয়্যার ও সফটওয়্যার) স্থাপন করা হয়েছে। Point of Sale (POS) পরিচালনার জন্য UPAY (Sister Concern of UCBL) -এর সাথে স্বাক্ষরিত চুক্তির আওতায় প্রকল্পের এলাকাসমূহে ০৫(পাঁচ) শতাধিক POS চালু করা হয়েছে, যার মাধ্যমে গ্রাহকগণ সহজেই প্রি-পেইড কার্ড রিচার্জ করতে পারছেন। এছাড়া আবাসিক প্রি-পেইড গ্রাহকগণ যাতে ঘরে বসে সহজেই NFC লক্ষম মোবাইল দ্বারা কার্ড রিচার্জ করতে পারেন সেজন্য ইতোমধ্যে অনলাইন পেমেন্ট গেটওয়ে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান SSLCOMMERZ -এর সাথে এ বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পের ঠিকাদার কর্তৃক এ সংক্রান্ত Mobile Application ডেভেলপ করার কাজও সম্পন্ন হয়েছে। Test Run-এর মাধ্যমে কার্যকারিতা পরীক্ষা করে দেখা হচ্ছে এবং গ্রাহকদের ব্যবহারের জন্য তা App Store এ উন্মুক্ত করা হবে।



তিতাস গ্যাস এবং অনলাইন পেমেন্ট গেটওয়ে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান SSL COMMERZ-এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

২০২২-২৩ অর্থবছরের আরএডিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ৬৩৪০.০০ লক্ষ টাকার বিপরীতে ৬৩৬৬.৮১ লক্ষ টাকা ব্যয় হয় অর্থাৎ ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দের বিপরীতে আর্থিক অগ্রগতি ছিল ১০০.৪২%। প্রকল্পের শুরু হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত মোট ক্রমপূঞ্জিত ব্যয় ৭০৫৩৪.১৩ লক্ষ টাকা অর্থাৎ ক্রমপূঞ্জিত আর্থিক অগ্রগতি প্রায় ৭৬%। ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৮০%।